চ্যানেল এস ও মেহেরপুর প্রতিদিনের পক্ষ থেকে দর্শনা থানার ওসি লুৎফুল কবীরকে ফুলের শুভেচ্ছা

চ্যালেন এস বাংলার কৃষিকথা এবং মেহেরপুর প্রতিদিন পত্রিকার পক্ষ থেকে দর্শনা থানার ওসি লুৎফর কবীরকে কে ফুলের শুভেচ্ছা প্রদান করা হয়েছে। আজ ৫ অক্টোবর সোমবার সকাল ১১ টায় দর্শনা থানার নবাগত ওসি এ এইচ এম লুৎফুল কবীরকে ফুলের শুভেচ্ছা জানানো হয়। ফুলের শুভেচ্ছা জানানোর সময় উপস্থিত ছিলেন মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা প্রতিনিধি ও চ্যানেল এর জেলা প্রতিনিধি বাংলার কৃষি কথা অনুষ্ঠানের পরিচালক আফজালুল হক বাদল, মেহেরপুর প্রতিদিনের দর্শনা ব্যুরো প্রধান ও জাতীয় দৈনিক জনবানীর দামুড়হুদা প্রতিনিধি আহসান হাবীব মামুন, দৈনিক পশ্চিমাঞ্চলের দর্শনা অফিস সহকারী ব্যুরো প্রধান চঞ্চল মেহমুদ, মেহেরপুর প্রতিদিন ও চ্যানেল এস বাংলার কৃষি কথা অনুষ্ঠানের উপস্থাপক ফরহাদ হোসেন। ফুলের শুভেচ্ছা জানানোর সময় দর্শনা থানার ওসি লুৎফুল কবীর বলেন আপনারা সাংবাদিক সমাজের দর্পন। আপনাদের লেখার মাধ্যমে অন্যায় তুলে ধরেন এবং সমাজকে দূর্নীতি মুক্ত করেন। এজন্য আপনাদের ধন্যবাদ এবং সেই সাথে চ্যানেল এস বাংলার কৃষিকথা অনুষ্ঠান এবং মেহেরপুর প্রতিদিন প্রত্রিকার জন্য শুভকামনা জানাই।

ঝিনাইদহে আন্তর্জাতিক তথ্য দিবস উপলক্ষে গোলটেবিল বৈঠক

“তথ্যের অধিকার, সুশাসনের অঙ্গীকার, তথ্যই শক্তি, তথ্যই মুক্তি” এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে আর্ন্তজাতিক তথ্য অধিকার দিবস

উপলক্ষে ঝিনাইদহে গোলটেবিল বৈঠক অনুষ্টিত হয়েছে।
মঙ্গলবার সকালে শহরের আহার রেষ্টুরেন্টে সুশাসনের জন্য নাগরিক (সুজন) এ অনুষ্ঠানের আয়োজন করে। এতে সুজনের সভাপতি আমিনুর রহমান টুকু, জেলা তথ্য অফিসার আবু বক্কর সিদ্দিক, জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল, সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা: মিথিলা পারভীনসহ জেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, সাংবাদিকসহ সচেতন মহল বক্তব্য রাখেন।
বক্তারা, তথ্য অধিকার আইনের প্রয়োগের বাস্তবতা, চ্যালেঞ্জ ও করনীয় বিষয় নিয়ে আলোচনা করেন। সেসময় সরকারি-বেসরকারী দপ্তরের তথ্য সংগ্রহের ব্যপারে বিভিন্ন আইনী ব্যাখা প্রদাণ করেন।

ঝিনাইদহে জাতীয় কণ্যা শিশু দিবস উপলক্ষে আলোচনা সভা ও বক্তৃতা প্রতিযোগিতা

‘আমরা কণ্যা শিশু-‘প্রযুক্তিতে সমৃদ্ধ হবো, ডিজিটাল বাংলাদেশ গড়বো’ এ শ্লোগানকে সামনে রেখে শিশু অধিকার সপ্তাহে জাতীয় কণ্যা শিশু দিবস উপলক্ষে ঝিনাইদহে আলোচনা সভা ও বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা শিশু একাডেমী। এতে জেলা প্রশাসক মজিবর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আইয়ুব হোসেন, মহিলা বিষয়ক অধিদপ্তরের সহকারী পরিচালক নিলুফার রহমান সহ অন্যান্যরা বক্তব্য রাখেন। বক্তারা, ডিজিটাল বাংলাদেশ গড়তে কণ্যা শিশুদের প্রযুক্তিতে সম্পৃক্ত করতে সকলের প্রতি আহ্বান জানান। পরে দিবস উপলক্ষে বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে অনলাইনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১০ জন ছাত্রী অংশ নেয়। আগামী ১০ অক্টোবর এ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হবে বলে জানান আয়োজকরা।

ঝিনাইদহে বিশ্ব শিক্ষক দিবস পালিত

‘শিক্ষা পুনরুদ্ধারের কেন্দ্রবিন্দুতে শিক্ষক’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে।
বাংলাদেশ শিক্ষক সমিতি জেলা শাখার আয়োজনে মঙ্গলবার সকালে শহরের প্রেরণা একাত্তর চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে স্কাউটস ভবনে গিয়ে শেষ হয়। পরে স্কাউটস ভবনের মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
বাংলাদেশ শিক্ষক সমিতি ঝিনাইদহ জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি মুহঃ আব্দুল মমিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ও শেখ রাসেল হল’র প্রভোস্ট ড. রবিউল হোসেন। প্রধান বক্তা ছিলেন শিক্ষক সমিতি জেলা শাখার সভাপতি ও কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি মহিউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটির উপদেষ্টা মন্ডলীর সদস্য শ্যামল কুমার রায়, সদস্য মনিরুজ্জামান, জেলা শাখার যুগ্ম সম্পাদক আলমগীর হোসেন, সদর উপজেলা শাখার সাধারণ সম্পাদক রেজাউল করিম, শৈলকুপা উপজেলা শাখার সাধারণ সম্পাদক মাসুদ করিম। এসময় বক্তারা বলেন, পৃথিবীর ১০০ টি দেশে বিশ্ব শিক্ষক দিবস পালিত হলেও বাংলাদেশে আনুষ্ঠানিক ভাবে এ দিনটি উদযাপিত হয় না। এই দিনটিকে সরকারী ছুটির দাবি জানিয়ে বক্তারা বলেন, এমপিও ভুক্ত শিক্ষক-কর্মচারীদের ২৫ ভাগ ঈদ বোনাস দীর্ঘ ১৬ বছরেও পরিবর্তন হয়নি। তাই বিশ্ব শিক্ষক দিবসে আশা করছি প্রধানমন্ত্রী শেখ হাসিনা যেভাবে ৫ ভাগ ইনক্রিমেন্ট ও বৈশাখী ভাতা দিয়েছেন ঠিক একই ভাবে মুজিববর্ষেই মাধ্যমিক শিক্ষা জাতীয়করণ করবেন।

কোটচাঁদপুরে পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদককে কুপিয়ে জখম

কোটচাঁদপুর অজ্ঞাত দুর্বৃত্তের ধারালো অস্ত্রের আঘাতে গুরতর আহত হয়েছেন পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু (৩০)। মোটরসাইকেলে বাড়ি ফেরার সময় দুর্বৃত্তরা পিছন থেকে হামলা চালিয়ে পালিয়ে যায়। সোমবার রাত ১০ টার দিকে শহরের হাসপাতাল মোড় এলাকায় এ হামলার ঘটনা ঘটে। স্থানীয়রা ছুটে এসে তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করেন। খবর পেয়ে হাসপাতালে ছুটে যান উপজেলা ও পৌর বিএনপি নেতা-কর্মীরা। এদিকে ঘটনাস্থাল পরিদর্শন করেছে থানা পুলিশ। এ ঘটনায় পাশের ভবনের সিসি ক্যামেরা ফুটেজ দেখে পুলিশ আসামীদের সনাক্তের চেষ্টা করছে।

আহত টিপু জানান, সোমবার রাত ১০টার দিকে ব্যবসা প্রতিষ্ঠান থেকে মোটরসাইকেলে বাড়ি ফেরার পথে হাসপাতাল মোড় এলাকায় দুর্বৃত্তরা পিছন থেকে ধারালো অস্ত্র দিয়ে পিঠে আঘাত করে। এসময় আমি কিছু বুঝে উঠার আগেই তারা পালিয়ে যায়। পৌর বিএনপির সভাপতি ও সাবেক পৌর মেয়র এস.কে এম সালাহ্উদ্দিন বুলবুল সিডল জানান, রাজনৈতিক প্রতিহিংসার কারনে এ হামলা হয়েছে। তিনি এ ঘটনার তীব্র প্রতিবাদ ও সুষ্ঠু বিচার দাবি করেন। বিষিয়টি নিশ্চিত করে কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইনচার্জ ওসি মঈন উদ্দিন জানান, এ ঘটনায় এখনো অভিযোগ পাইনি।

কোটচাঁদপুরে পুলিশ চেকপোষ্টের কাছে ডাকাতি

কোটচাঁদপুর পৌর শহরের চৌগাছা সড়কের পুলিশ চেক পোষ্টের কাছে ডাকাতি সংঘটিত হয়েছে। রবিবার রাত সাড়ে ১০ টার দিকে সলেমানপুর জাবড়েখেত এলাকায় পুলিশ চেক পোষ্টের কাছে এ ঘটনা ঘটে। ৭/৮ জনের সংঘবদ্ধ ডাকাত দল গাছের সাথে দড়ি বেঁধে কোটচাঁদপুরগামী মোটরসাইকেল চালক ও আরোহীর গতিরোধ করে। এসময় ডাকতরা অস্ত্রের

মূখে জিম্মি করে তাদেরকে মারধর করে এবং বেঁধে রাখে। ডাকাতরা তাদের ব্যবহৃত একটি ১৬০ সিসি আ্যাপাসি ফোর-ভি কালো রঙ্গের মোটরসাইকেল, ৪ টি মোবাইল ফোন ও নগদ অর্থ ছিনিয়ে নেয়। এসময় ডাকাতদের লাঠির আঘাতে মোটরসাইকেল আরোহী রাসেল (২৮) আহত হন। ভুক্তভোগী মোটরসাইকেল চালক আব্দুল করিম জানান, রবিবার রাতে মোটরসাইকেল যোগে যশোর থেকে বাড়ি ফেরার পথে জাবড়েখেত এলাকায় পৌছালে ডাকতির ঘটনা ঘটে। তিনি আরো জানান, ডাকাতির সময় ঘটনাস্থলের অদূরে অবস্থিত পুলিশ চেক পোষ্টে কোন পুলিশ ছিল না। কোটচাঁদপুর পৌর পুলিশ ফাঁড়ি ইনচার্জ ইন্সপেক্টর আক্তারুজ্জামন লিটন বলেন, ডাকাতির সময় টহলরত পুলিশ পাশপাতিলা বাজারে অবস্থান করছিল। এদিকে এলাকাবাসীর অভিযোগ জাবড়েখেত এলাকায় প্রায়ই ডাকাতির ঘটনা ঘটলেও পুলিশ এখানকার চেকপোষ্টে অবস্থান না করে পার্শ্ববর্তী পাশপাতিলা বাজারে চায়ের দোকানে বসে আড্ডা দেয়। মডেল থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন জানান, ডাকাতির ঘটনায় থানায় মামলা হয়েছে।

টিকা দেওয়াকে কেন্দ্র করে কোটচাঁদপুরে ব্যবসায়ীকে পিটিয়ে হাত ভাঙ্গলো দুর্বৃত্তরা

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে গণটিকা দেওয়াকে কেন্দ্র করে মিজান সরকার (৩৮) নামে এক ব্যবসায়ীকে পিটিয়ে হাত ভেঙ্গে দিয়েছে দুর্বৃত্তরা। গত শনিবার সন্ধায় দুধসারা এলাকার জোলপাড়ায় এ ঘটনা ঘটে। এঘটনায় রবিবার সকালে মডেল থানায় ৫ জনের নাম উল্ল্যেখ পূর্বক মামলা দায়ের করেছে ভুক্তভোগীর বড় ভাই।

স্থানীয় সূত্রে জানা যায়, প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে পৌর এলাকার ১ নং ওয়ার্ডের দুধসারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গণটিকার কার্যক্রম শুরু করে উপজেলা স্বাস্থ্য অধিদপ্তর। টিকা কার্যক্রমে

অধিক লোকের সমাগম হওয়ায় মানুষ ভিড় সামলাতে ধাক্কা-ধাক্কি করতে থাকে। এসময় ওই এলাকার দুই যুবক মোস্তফা ও হাবিবের মধ্যে হাতাহাতি হয়।

পরবর্তিতে বিষয়টি নিয়ে অভয়ের মধ্যে এলাকায় মীমাংসা হয়। এর পরেও ওই ঘটনায় থানায় অভিযোগ করে ভুক্তভোগী। অভিযোগের ভিত্তিতে গত শনিবার পুলিশ দুধসারা এলাকা থেকে হোসেন মীরকে থানায় নিয়ে আসে। এতে ক্ষিপ্ত হয়ে হোসেন মীরের ছেলে আবু কাশেম লোকবল নিয়ে গত শনিবার সন্ধ্য়ায় মিজানের উপর হামলা চালায়।

এসময় এলোপাতাড়ী লাঠির আঘাতে গুরতর আহত করে। এতে তার বাম হাত ভেঙ্গে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করেন। আহত মিজান সরকার বিএনপির রাজনীতির সঙ্গে জড়িত বলে তার উপর হামলা চালানো হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় বিএনপি নেতা-কর্মীরা।

মামলার বাদী মিজান সরকারের ভাই মাসুম সরকার সাংবাদিককে জানান, ব্যবসায়ী প্রয়োজনে আমার ছোট ভাই মিজান মোটরসাইকেল যোগে দুধসারা এলাকার জোলপাড়ায় যাচ্ছিল। পথিমধ্যে তার গতিরোধ করে এলোপাতাড়ী লাঠি দিয়ে পিটাতে থাকে। এতে তার হাত ভেঙ্গে যায়। এসময় তার কাছে থাকা সাড়ে তিন লক্ষ ব্যবসায়ী টাকা ছিনিয়ে নিয়ে পালিয়ে যায় দুর্বৃত্তরা। এ ঘটনার সুষ্ট বিচার দাবি করেন মামলার বাদী আহতের বড় ভাই।

বিষিয়টি নিশ্চিত করে কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইনচার্জ ওসি মঈন উদ্দিন জানান, এ ঘটনায় আহতের ভাই বাদী হয়ে থানায় একটি মামলা করেছেন। ওসি জানান, আসামীদেরকে ধরতে অভিযান চলছে।

ঝিনাইদহ চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতের

মালখানায় বিস্ফোরণে নিহত এক আহত ৪

ঝিনাইদহ চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতের মালখানায় ভয়াবহ বিস্ফোরণে শফিকুল ইসলাম (২১) নামে একজন নিহত ও তিনজন আহত হয়েছেন। নিহত শফিকুল ইসলাম সদর উপজেলার উত্তর কাস্টসাগরা গ্রামের বছির উদ্দীন শেখের ছেলে। তিনিই সাব কনট্রাক্ট হিসেবে কাজ করছিলেন। বাকী আহতরা হলেন সদর উপজেলার আড়–য়াকান্দি গ্রামের জামাল উদ্দীনের ছেলে মোস্তাক হোসেন (২০), কাস্টসাগড়া গ্রামের মসলেম মোল্লার ছেলে আসাদ মোল্লা (৩০) ও ভগবাননগর গ্রামের লতাফত হোসেনের ছেলে রাজিব (৩৫)। এরমধ্যে মোস্তাক ও রাজিবকে ঢাকায় রেফার্ড করা হয়েছে। রোববার দুপুরে ঝিনাইদহ গণপুর্ত বিভাগের কাজ পেয়ে ঠিকাদারের শ্রমিকরা মালখানার মধ্যে লোহার র্যাক তৈরীর সময় এই বিস্ফোরণের ঘটনা ঘটে। তবে সুনিদ্দিষ্ট ভাবে কেও বলতে পারছে না আসলে সেখানে কি বিস্ফোরিত হয়েছে। বিস্ফোরণের সময় প্রচন্ড শব্দে গোটা ভবন কেঁপে ওঠে। এ সময় আদালতের বিচারক, কর্মকর্তা ও কর্মচারীরা বিস্ফোরণের শব্দ শুনে আতংকিত হয়ে বাইরে বেরিয়ে আসেন। অনেকে জানালা ও লোহার গ্রিল ভেঙ্গে জীবন বাঁচাতে বাইরে বেরিয়ে আসতে দেখা যায়। মালখানায় দায়িত্বরত পুলিশ ও উদ্ধার কাজে নিয়োজিত দমকল বাহিনীর সদস্যরা প্রাথমিকভাবে ধারণা করছে নির্মান কাজে ব্যবহৃত কোন ইলেক্ট্রিক ডিভাইসের বিস্ফোরণ ঘটতে পারে। খবর পেয়ে জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান ও পুলিশ সুপার মুনতাসিরুল ইসলামসহ প্রশাসনের কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেন। মালখানার দায়িত্বে নিয়োজিত এসআই ইমামুল জানান, রোববার দুপুরে মালখানার মধ্যে কাজ করছিল গনপূর্ত বিভাগের ঠিকাদারের ৩/৪ জন শ্রমিক। তিনি নিজেও এ সময় রুমে ছিলেন। হঠাৎ বিস্ফোরণ ও ধোয়ার কুন্ডুলি। তারপর বাঁচাও বাঁচাও চিৎকার। সঙ্গে সঙ্গে ভবনে থাকা পুলিশ সদস্য, আদালতের কর্মকর্তা-কর্মচারী, আইনজীবী, আইনজীবী সহকারী ও সাধারণ মানুষ ঘটনাস্থলে এসে উদ্ধার কাজে অংশ নেন। প্রথমে ৩ জন ও পরে ছিন্নভিন্ন শরীর নিয়ে শফিকুল নামে একজনকে উদ্ধার করে দমকল বাহিনীর সদস্যরা পুলিশের গাড়িতে হাসপাতালে পাঠায়। এসআই ইমামুল দাবী করেন মালখানার মধ্যে বিস্ফোরক দ্রব্য ছিল না। ঝিনাইদহ চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতের রেকর্ড সহকারী আসাফ-উদ-দৌলা মাসুম জানান, প্রচন্ড বিস্ফোরণে সবাই যখন আতংকিত হয়ে ওদিক ওদিক ছুটাছুটি করছিলেন তখন তিনি ও পুলিশের এসআই দাউদ হোসেন জীবনের

ঝুকি নিয়ে মালখানার মধ্যে ঢুকে তিন জনকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে হাসপাতালে পাঠান। আইনজীবী সহকারী নুর আমিন জানান, তিনি উদ্ধার কাজে অংশ নিতে গিয়ে নিজেই আহত হন। এক পুলিশ সদস্যও আহত হয়ে হাসপাতাল থেকে প্রাথমিক চিকিৎসা গ্রহন করেন। তার মাথা ও শরীরে রক্ত ছিল। ঝিনাইদহ দমকল বাহিনীর উপ-পরিচালক শামিম জানান, মালখানায় আসলে কিসের বিস্ফোরণ ঘটেছে তা তদন্ত ছাড়া বলা যাবে না। তবে ইলেক্ট্রনিক কোন ডিভাইস বিস্ফোরণ হতে পারে। ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, প্রাথমিক ভাবে মনে করা হচ্ছে নির্মানকাজে ব্যবহৃত ইলেক্ট্রনিক ডিভাইসের বিস্ফোরণ ঘটতে পারে। এ ঘটনায় ওয়েল্ডিং কারখানার মালিক শফিকুল নিহত ও তার ৩ শ্রমিক আহত হন। তিনি জানান পুরো ঘটনাটি তদন্ত করে দেখা হচ্ছে। পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম জানান, এ ঘটনার সঙ্গে কোন নাশকতা বা জঙ্গি কানেকশন নেই। এটা নিছক দুর্ঘটনা। তিনি বলেন, সেখানে পুলিশের এক সিপাই অনুপম উপস্থিত ছিলেন। তার সামনেই এ ঘটনা ঘটে। বারেক আলী নামে এক লেদগ্রিল ব্যবসায়ী জানান, সহজে বহনযোগ্য একটি চায়না সার্কিট মেশিন দিয়ে এমন কাজ করা যায়। যদি সে রকম মেশিন তারা ব্যবহার করে তবে বিস্ফোরণ ঘটতে পারে বরৈ তিনি মনে করেন। এদিকে অভিযোগ রয়েছে, ঝিনাইদহ চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতের মালখানা দীর্ঘদিন অরক্ষিত। মালপত্র ছড়িয়ে ছিটিয়ে আছে। এর আগে একবার মালখানায় চুরি হয়েছে। সেখানে মুল্যবান মামলার আলামত, বিভিন্ন সময় উদ্ধার হওয়া সোনা, টাকা, মাদক ও দেশি কামারশালার অস্ত্র থাকলেও ঠিকাদারের যারা কাজ করতে প্রবেশ করেছিল সেই শ্রমিকদের নাম ঠিকানা বা ব্যক্তিগত কোন তথ্য মালখানার দায়িত্বরত এসআই ইমামুল দিতে পারেনি। ফলে দুর্ঘটার পর সেখানে কারা কাজ করছিলেন তা তাৎক্ষনিক ভাবে জানাতে পারেনি।

ঝিনাইদহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজের নবনির্মিত ভবনের

উদ্বোধন

৮৫ লাখ টাকা ব্যায়ে ঝিনাইদহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজের নবনির্মিত ভবনের উদ্বোধন করা হয়েছে। শনিবার খুলনা বিভাগীয় কমিশনার মোঃ ইসমাইল হোসেন এনডিসি প্রধান অতিথি হিসেবে এই নতুন ভবনের উদ্বোধন করেন।

এ সময় ঝিনাইদহের ডিসি মোঃ মজিবর রহমান, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সালমা সেলিম, ঝিনাইদহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ প্রফেসর সুষেন্দু কুমার ভৌমিক ও বিশিষ্ট ব্যবসায়ী এস এম বিল্লাহ রিন্টু উপস্থিত ছিলেন।

খুলনা বিভাগীয় কমিশনার মোঃ ইসমাইল হোসেন এনডিসি ভবন উদ্বোধনী উপলক্ষ্যে আয়োজিত এক সুধী সমাবেশে বলেন, বর্তমান সরকার শিক্ষার মানোন্নয়নে প্রয়োজনীয় সম্ভব সব কিছু করবে।

শিক্ষা ছাড়া জাতির কোন মুল্য নেই। ঝিনাইদহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, তোমরা আগামী দিনের ভবিষ্যাত। জাতি ও রাষ্ট্র গঠনে তোমাদের মেধা সম্পন্ন জ্ঞান অর্জন করতে হবে।

স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ প্রফেসর সুষেন্দু কুমার ভৌমিক বলেন, প্রাথমিক ভাবে ৮৫ লাখ টাকা ব্যায়ে ৬ তালা বিশিষ্ট একাডেমিক ভবনের কাজ শেষ হয়েছে। পরবর্তীতে আরো এক কোটি ৪৩ লাখ টাকার টেন্ডার হয়েছে। তিনি বলেন পর্যায়ক্রমে প্রতিষ্ঠানটি ৬ তলায় রুপান্তরিত হলে শিক্ষার্থীরা পড়ালেখার জন্য আরো উন্নত পরিবেশ ফিরে পাবে।

ঝিনাইদহ জেলা প্রশাসনের আয়োজনে অনলাইন প্রতিযোগিতার

পুরষ্কার বিতরণ

ঝিনাইদহ জেলা শিল্পকলা একাডেমিতে শুক্রবার বিকালে ঝিনাইদহ জেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত হয় মেধাবী ঝিনাইদহ নামক অনলাইন প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ ও ক্যারিয়ার প্লানিং বিষয়ক আলোচনা সভা-২০২১।

জেলা প্রশাসক মো মজিবর রহমানের সভাপতিত্বে আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় কমিশনার মো ইসমাইল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পুলিশ সুপার মো মুনতাসিরুল ইসলাম, ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, সরকারি কেসি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড বিএম রেজাউল করিম।

মেধাবী ঝিনাইদহ অনলাইন প্রতিযোগিতার বিষয় গুলো ছিলো কবিতা আবৃত্তি প্রতিযোগিতা, বঙ্গবন্ধু ও বাংলাদেশ বিষয়ক কুইজ প্রতিযোগিতা এবং সংগীত প্রতিযোগিতা। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও বিজয়ী প্রতিযোগি শিক্ষার্থীদের পুরষ্কার বিতরণ পর অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা হয়।